# কল্যাণী বিশ্ববিদ্যালয় দ্বারা অনুষ্ঠিত আসন্ন
# বিএ/ বিএসসি পার্ট থ্রী, ২০২০-র
# করিমপুর পান্নাদেবী কলেজের সাম্মানিক ও
# সাধারণ বিভাগের পরীক্ষার্থীদের উদ্দেশ্যে
# ২৪।০৯।২০২০ তারিখে প্রকাশিত
# বিশেষ বিজ্ঞপ্তির উপর সংশোধনী।।

**পরীক্ষার্থীদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে গত ২৪।০৯।২০২০ তারিখে প্রকাশিত বিজ্ঞপ্তিটির ৭ নং ধারাটি কিঞ্চিত সংশোধিত হয়েছে, যা এইরূপ:**
বর্তমান কোভিড অতিমারী পরিস্থিতিতে সরকারী নির্দেশানুযায়ী শারীরিক দূরত্ববিধি রক্ষা করার কারণে এই অনলাইন পরীক্ষাব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাই কোনো অবস্থাতেই অনলাইন ছাড়া আর কোনো উপায়ে উত্তরপত্র জমা দেওয়া যাবে না। শুধুমাত্র কোনো বিশেষ পরিস্থিতি বা অপ্রতিরোধ্য কোনো কারণ থাকলে একটি আবেদনপত্রের সাথে আলাদাভাবে মুখবন্ধ খামের ভিতর উত্তরপত্র রেখে খামের ওপর নিজের রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, বিষয়ের নাম এবং কোন পেপার উল্লেখ করে **যে দিন পরীক্ষা শেষ হচ্ছে তার চব্বিশঘন্টার মধ্যে কলেজে এসে জমা করা যাবে** : ***অর্থাৎ যদি কোনোদিন বিকেল চারটায় বা পাঁচটায় পরীক্ষা শেষ হয় তাহলে তার পরের দিন যথাক্রমে বিকেল চারটে বা পাঁচটার মধ্যে উত্তরপত্র জমা করতে হবে। একই ভাবে যে দিন দুপুর একটায় পরীক্ষা শেষ হচ্ছে, তার পরের দিন দুপুর একটার মধ্যে সেই উত্তরপত্র জমা করতে হবে।***
তবে জমা নেওয়ার বিষয়টি কর্তৃপক্ষের বিবেচনাধীন অর্থাৎ এইভাবে জমা দেবার পেছনের কারণটি যুক্তিসঙ্গত মনে না হলে কর্তৃপক্ষ সেই উত্তরপত্র জমা দেবার অনুমতি নাও দিতে পারেন।

তাং: ২৫।০৯।২০২০

আদেশানুসারে,
ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
করিমপুর পান্নাদেবী কলেজ।।